

To,
The O/C Kotshila PS
Dist-Purulia

Date. 09.02.2024

মহাশয়,

আমি নিম্ন স্বাক্ষরকারী পুষ্প কুমার স্বামী-হরিদাস কুমার গ্রাম-বড়তোলিয়া, পোস্ট-বেগুনকোদর, থানা-কোটশিলা, জেলা-পুরুলিয়ার স্থায়ী বাসিন্দা। গত-২৩/০১/২০২৪ তারিখে সকাল আনুমানিক ১০ টার সময় আমার স্বামী- হরিদাস কুমার পিতা-জগন্নাথ কুমার ও উদ্ধব কুমার পিতা-নন্দ কুমার উভয়ে মিলে বড়তোলিয়া থেকে বেগুনকোদর রাখবর পিচ রাস্তা ধরে নিজ মোটর সাইকেলে (WB-56C2302) করে কচাহাতু গ্রামের মৃত প্রহ্লাদ কুমারের তিন দিনের তৈল ও খৈল কর্মের অনুষ্ঠানের নিমিত্তে যাওয়ার সময় কংসাবতি ব্রীজ (কচাহাতু নদী) পার হয়ে বট গাছের একটু উপরে ঘন্টু মাহাত পিতা-কড়িরাম মাহাতের বাড়ীর সামনে বিপরীত দিক থেকে আসা কচাহাতু গ্রাম নিবাসি দশরথ কুমার পিতা-চিন্তু কুমার দ্রুতগতিতে বেপোয়ারা ভাবে মোটর সাইকেলে (JH-09AQ0226) করে এসে সজোরে আমার স্বামীর গাড়িতে ধাক্কা মারে। আমার স্বামীর গাড়িটির সামনের অংশটি ভেঙ্গে চুরমার হয়ে যায় ও দুজন পিচ রাস্তার মধ্যে পড়ে যায়। অল্প সময়ের মধ্যে উদ্ধব কুমারের গ্ঞান ফিরে। উদ্ধব কুমার উঠেই দেখে হরিদাস কুমারের নাক এবং ডান দিকের চোখ কপাল খুবড়ে গেছে এবং প্রচুর রক্ত পাত হচ্ছে। অল্প সময়ের মধ্যে লোকজন জোড়ো হয়ে যায় এই কথা উদ্ধব কুমার আমার কাছে বলে। লোকজন জোড়ো হলে পর ঘটনাস্থলে স্থানীয় লোকের তৎপরতায় হরিদাস কুমারকে কোটশিলা গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। হাসপাতালের ডাক্তার মহাশয় হরিদাস কুমার কে দেখে ও মৃত বলে ঘোষণা করে। তার জন্য কোটশিলা থানায় একটি অস্বাভাবিক মৃত্যুর কেস রজু হয়েছে যাহার U/D-CASE NO-02/24 date. 23.01.2024. আমার স্বামীর সংকার্যের ক্রিয়াকলাপের জন্য ব্যস্ত থাকায় অভিযোগ দিতে দেরি হল।

অতএব মহাশয়ের কাছে আমার বিনীত অনুরোধ যাহাতে সঠিক ভাবে তদন্ত করে দোষী ব্যক্তি সাজা পাই তাহার বিহিত ব্যবস্থা গ্রহনে মার্জি হউন।

বিনীত

Received on 09.02.24
at 16.35 hrs. and started
Kotshila P.S. Case No 17/24
Date 09.02.24 U/S
279/304A/338/427182.

Bikaash Ch. Patra
09.02.2024

Officer-in-Charge
Kotshila P.S.
Dist-Purulia



L.T.J. of Puspakumar
9932516350